



## বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা

উন্নয়ন শাখা

প্রশাসন অনুবিভাগ

[www.idra.org.bd](http://www.idra.org.bd)

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০১৭.১৭.০১১.১৭.২২৫

তারিখঃ ০৮ এপ্রিল ২০১৯

সংবাদ বিজ্ঞপ্তি

বিষয়ঃ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক ৪৮তম মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস উযাপন।

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক ৪৮তম মহান স্বাধীনতা দিবস এবং জাতীয় দিবস উপলক্ষে গত ০৩ এপ্রিল ২০১৯ তারিখ বেলা ০৩:০০ ঘটিকায় কর্তৃপক্ষের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উক্ত সভায় সভাপতিত্ব করেন কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব মোঃ শফিকুর রহমান পাটোয়ারী। আলোচনা সভায় উপস্থিত ছিলেন কর্তৃপক্ষের সদস্য জনাব বোরহান উদ্দিন আহমদ, সদস্য ড. এম মোশাররফ হোসেন, এফসিএ, নির্বাহী পরিচালক, পরিচালক এবং কর্মকর্তা-কর্মচারীগণ। এছাড়া কর্তৃপক্ষের আমন্ত্রণে উক্ত আলোচনা সভায় বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন এর প্রতিনিধি এবং বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম এর সভাপতি জনাব বি এম ইউসুফ আলী (মুখ্য নির্বাহী কর্মকর্তা, পপুলার লাইফ ইন্স্যুরেন্স কোঃ লিঃ) এবং বাংলাদেশ ইন্স্যুরেন্স সার্ভেয়র্স এসোসিয়েশন এর সভাপতি জনাব কে এন এম খোরশেদ আলম বাদল।

আলোচনা সভায় মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী শহীদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে জাতির পিতা বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ে তোলার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব মোঃ শফিকুর রহমান পাটোয়ারী। তিনি বলেন, বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সুযোগ্যা কন্যা দেশের দায়িত্ব গ্রহণের পর গত ১০ বছরে দেশের অর্থনীতিসহ প্রতিটি ক্ষেত্রে আমূল পরিবর্তন নিয়ে এসেছেন। উন্নয়নের চলমান ধারা ধরে রাখতে এবং দেশকে নির্ধারিত সময়ের মধ্যে উন্নত দেশের মর্যাদায় নিয়ে যেতে প্রত্যেককে তার নিজ নিজ দায়িত্ব নিষ্ঠার সাথে পালনের অঙ্গীকার করতে হবে।

আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন কর্তৃপক্ষের সদস্য ড. এম মোশাররফ হোসেন, এফসিএ, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম এর সভাপতি জনাব বি এম ইউসুফ আলী, নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব) ড. শেখ মহঃ রেজাউল ইসলাম, কর্তৃপক্ষের পরিচালক (উপসচিব) জনাব আবুল কাশেম মোহাম্মদ ফজলুল হক এবং বাংলাদেশ ইন্স্যুরেন্স সার্ভেয়র্স এসোসিয়েশন এর সভাপতি জনাব কে এন এম খোরশেদ আলম বাদল।

  
(কামরুল হক হারুফ)  
পরিচালক (প্রশাসন)

অনুলিপি (জ্ঞাতার্থে):

১. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
২. সদস্য মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
৩. অফিস নথি।